IJCRT.ORG ISSN : 2320-2882

INTERNATIONAL JOURNAL OF CREATIVE RESEARCH THOUGHTS (IJCRT)
An International Open Access, Peer-reviewed, Refereed Journal

# পূর্ব বর্ধমান জেলার উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মনোভাব ও পারদর্শিতা: একটি অনুসন্ধান

**SK FIROJ**

**RAMAKRISHNA MISSION SIKSHANAMANDIRA (M.ED Student)**

**RAMAKRISHNA MISSION SIKSHANAMANDIRA**

**ABSTRACT:**

এই গবেষণায় উচ্চমাধ্যমিক শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব পরীক্ষা করা হয়েছে । এই গবেষণাটি তিনটি প্রশ্ন দ্বারা পরিচালিত হয়েছিলঃ1)ছাত্র এবং ছাত্রী উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের মধ্যে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মনোভাব এবং পারদর্শিতার ক্ষেত্রে কোনো উল্লেখযোগ্য পার্থক্য আছে কি?2) গ্রামীন এবং শহরের উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের মধ্যে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মনোভাব এবং পারদর্শিতার ক্ষেত্রে কোনো উল্লেখযোগ্য পার্থক্য আছে কি ?3) উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মনোভাব ও পারদর্শিতার মধ্যে কোনো উল্লেখযোগ্য সম্পর্ক আছে কি ?এবং অন্যটি হল রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে পারদর্শিতা।শিক্ষার্থীদের একাদশ শ্রেণির প্রথম সেমিস্টারের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রাপ্ত নম্বর এবং দ্বাদশ শ্রেণির তৃতীয় সেমিস্টারের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রাপ্ত নম্বর সংগ্রহ হয়েছিল। এটি ছিল একটি বর্ণনামূলক সার্ভে পদ্ধতি গবেষণা,যা পশ্চিমবঙ্গের পূর্ব বর্ধমান জেলা থেকে গ্রামীণ এলাকার 100 জনের মধ্যে 50 জন ছাত্র ও 50 জন ছাত্রী। একইভাবে, শহরাঞ্চলের 100 জনের মধ্যে 50 জন ছাত্র ও 50 জন ছাত্রী শিক্ষার্থীর উপর পরিচালিত হয়েছিল।শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মনোভাব পরিমাপের জন্য ব্যবহৃত প্রশ্নপত্রে মোট 20 টি Items অন্তর্ভুক্ত করা হয়েছিল এবং পারদর্শিতা বিদ্যালয় থেকে একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রাপ্ত নম্বর স্কোরকে ধরে করা হয়েছিল। উপাত্ত বিশ্লেষণের জন্য ইন্ডিপেন্ডেন্ট স্যাম্পল 'টি' টেস্ট এবং পিয়ারসন কোরিলেশন কো-এফিসিয়েন্ট ব্যবহার করা হয়েছিল । গবেষণায় দেখা গেছে যে, উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি ছাত্র ও ছাত্রীদের মনোভাবের কোনো পার্থক্য আছে। উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি ছাত্র ও ছাত্রীদের পারদর্শিতার কোনো পার্থক্য নেই। বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাবের

পার্থক্য আছে। বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি পারদর্শিতার পার্থক্য আছে। উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব ও পারদর্শিতার মধ্যে ঋণাত্মক এবং খুব সামান্য আছে।

KEYWORDS: Attitude,Achievement,Higher Secondary,Purba Bardhaman

**INTRODUCTION:**

মানুষ সমাজবদ্ধ জীব। মানুষের ধর্মই হল সমাজবদ্ধভাবে বসবাস করা। তাই প্রখ্যাত গ্রীক দার্শনিক এরিস্টটল বলেছেন, "মানুষ মাত্রেই রাষ্ট্রীয় জীব"। যারা রাষ্ট্রীয় আওতার বাইরে তাদের স্থান মানব সমাজের উপরে বা নিচে। মানুষ সমাজের মধ্যে বসবাসকালে সমাজের কতগুলি নিয়ম ও নীতি দ্বারা পরিচালিত হয়। এই নিয়ম-নীতি যুক্ত সমাজব্যবস্থায় মানুষ অভ্যস্ত হয়ে পড়েছে।

মানুষের সামাজিক জীবন ও রীতি-নীতি সংক্রান্ত অধ্যয়ন করতে সাধারণত সমাজবিজ্ঞান পাঠ করা হয়। সমাজবিজ্ঞানের মধ্যে অন্যতম একটি বিষয় হল রাষ্ট্রবিজ্ঞান। সমাজ জীবন বিশ্লেষণের এক গুরুত্বপূর্ণ অংশ হিসাবে রাজনৈতিক বিশ্লেষণ তথা রাষ্ট্রবিজ্ঞানের উৎপত্তি। আর নাগরিকের রাজনৈতিক অস্তিত্বের পরিচয় পাওয়া যায় রাষ্ট্রবিজ্ঞানের মধ্যে।

রাষ্ট্রবিজ্ঞান শুধুমাত্র একটি শিক্ষাগত বিষয়ই নয়, এটি একটি সামাজিক দায়বদ্ধতা। এটি শিক্ষার্থীদের মধ্যে নাগরিক সচেতনতা বৃদ্ধি করে এবং তাদেরকে দেশের উন্নয়নে অংশগ্রহণ করতে উদ্‌বুদ্ধ করে। রাষ্ট্রবিজ্ঞানের মাধ্যমে শিক্ষার্থীরা রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠান, সরকারের কার্যক্রম, আইন-কানুন, এবং নাগরিক অধিকার ও কর্তব্য সম্পর্কে জ্ঞান অর্জন করে। এই জ্ঞান তাদেরকে সচেতন নাগরিক হিসাবে গড়ে তুলতে সাহায্য করে, যারা দেশের উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করতে পারে।

রাষ্ট্রবিজ্ঞান মানুষের সামাজিক ও রাজনৈতিক জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ। এটি শুধুমাত্র তাত্ত্বিক জ্ঞানই প্রদান করে না, বরং বাস্তব জীবনে এর প্রয়োগও অপরিহার্য। তাই রাষ্ট্রবিজ্ঞান শিক্ষা সকলের জন্য গুরুত্বপূর্ণ, বিশেষ করে তরুণ প্রজন্মের জন্য, যারা ভবিষ্যতে দেশের নেতৃত্ব দেবে এবং সমাজের উন্নয়নে অবদান রাখবে।

**OBJECTIVES:**

1.উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের লিঙ্গভেদে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি কিরুপ মনোভাব তা অনুসন্ধান করার চেষ্টা করেছেন ।

2.উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের লিঙ্গভেদে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি কিরুপ পারদর্শিতা তা অনুসন্ধান করার চেষ্টা করেছেন।

3.বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি কিরুপ মনোভাব তা অনুসন্ধান করার চেষ্টা করেছেন।

4.বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি কিরুপ পারদর্শিতা তা অনুসন্ধান করার চেষ্টা করেছেন।

5.উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব ও পারদর্শিতার মধ্যে পারস্পরিক সম্পর্ক কিরুপ অনুসন্ধান করার চেষ্টা করেছেন।

**HYPOTHESES:**

**Ho1**: উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের ছাত্র ও ছাত্রীদের মনোভাবের কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**Ho2**: উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের ছাত্র ও ছাত্রীদের পারদর্শিতার কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**Ho3**: উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের গ্রাম এবং শহরের ছাত্র ও ছাত্রীদের মনোভাবের কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**Ho4**:উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের গ্রাম এবং শহরের ছাত্র ও ছাত্রীদের পারদর্শিতার কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**Ho5**:উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব ও পারদর্শিতার মধ্যে কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**METHODOLOGY:**

এই গবেষণায় গবেষণাটি বর্ণনামূলক সার্ভে পদ্ধতি অবলম্বন করেছেন । পূর্ব বর্ধমান জেলার রায়না -। ব্লক গ্রামের এবং বর্ধমান পৌরসভার অধিনে উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলি নির্বাচিত করেছেন বাংলা মাধ্যম স্কুলের ছাত্রছাত্রীকে (গ্রামীণ-50, শহুরে-50, এবং ছাত্র-50, ছাত্রী-50) নির্বাচন করা হয়েছিল। দুটি পৃথক উপকরণের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রথমত, শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মনোভাব পরিমাপের জন্য ব্যবহৃত প্রশ্নপত্রে মোট 20 টি Items অন্তর্ভুক্ত করা হয়েছে। যেগুলিতে পাঁচ-বিন্দুর লিকার্ট ধরনের উত্তর দেওয়ার ক্ষেত্র আছে । দ্বিতীয়ত, একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে তাদের প্রথম সেমিস্টারের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রাপ্ত নম্বর সংগ্রহ করা হয়েছে।দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে তাদের তৃতীয় সেমিস্টারের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রাপ্ত নম্বর সংগ্রহ করা হয়েছে।। উভয় উপকরণই গবেষকদের দ্বারা তৈরি করা হয়েছিল এবং সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞদের দ্বারা যাচাই করা হয়েছিল। বর্ণনামূলক পরিসংখ্যান, অনুমিতিমূলক পরিসংখ্যান, টি-টেস্ট এবং সহসম্পর্ক সহগ পরিমাপের মাধ্যমে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করা হয়েছে।

**OBJECTIVE- WISE RESULTS:**

**O1:** উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের লিঙ্গভেদে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব অনুসন্ধান করা।

**Testing Ho 1:** উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের ছাত্র ও ছাত্রীদের মনোভাবের কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**Table 1. GROUP STATISTICS OF ATTITUDE TOWARDS POLITICAL SCIENCE GENDER WISE:**

| Gender | N | MEAN | Std.Deviation | df | t | P |
|---|---|---|---|---|---|---|
| **Male** | 100 | 83.17 | 3.82 | 198 | 2.31 | 0.02 |
| **Female** | 100 | 71.52 | 9.62 | | | |

significant at 0.05 level

উপরিউক্ত টেবিল থেকে উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞানের বিষয়ের প্রতি উচ্চমাধ্যমিক ছাত্রদের মনোভাবের Mean score হল 83.17 এবং ছাত্রীদের Mean score হল 71.52 এবং SD হল 3.82 ও 9.62। উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি শিক্ষার্থীদের মনোভাব সাধারণ মানের থেকে একটু বেশি (Average) বা ছাত্র ও ছাত্রীদের মনোভাবের বিশেষ কিছু পার্থক্য লক্ষ্য করা যায় না। উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞানের বিষয়ের প্রতি উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের মনোভাবের t-test-এর ফলাফল থেকে দেখা যায় যে t-value = 2.31 এবং P value = 0.02। যেহেতু P value (0.02) < 0.05, তাই 0.05 স্তরে ফলাফলটি পরিসংখ্যানগতভাবে তফাৎ তাৎপর্যপূর্ণ।তাই HO1 গ্রহণযোগ্য নয়। সুতরাং বলা যেতে পারে উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের ছাত্র ও ছাত্রীদের মনোভাবের পার্থক্য রয়েছে।

**O2**: উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের লিঙ্গভেদে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের পারদর্শিতা অনুসন্ধান করা।

**Testing Ho2**: উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের ছাত্র ও ছাত্রীদের পারদর্শিতার কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**Table 2. GROUP STATISTICS OF ACHIEVEMENT TOWARDS POLITICAL SCIENCE GENDER WISE(BOYS AND GIRLS).**

| Gender | N | MEAN | Std.Deviation | df | t | P |
|---|---|---|---|---|---|---|
| **Male** | 100 | 18.62 | 4.28 | 198 | 1.35 | 0.17 |
| **Female** | 100 | 20.12 | 5.75 | | | |

significant at 0.05 level

উপরিউক্ত টেবিল থেকে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি উচ্চ-মাধ্যমিক ছাত্রদের পারদর্শিতার Mean score হল 18.62 এবং ছাত্রীদের Mean score হল 20.12 এবং SD score হল 4.28 ও 5.75। উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি পারদর্শিতা সাধারণ মানের (Average) থেকে খুব কম বা ছাত্র ও ছাত্রীদের পারদর্শিতা বিশেষ কিছু পার্থক্য লক্ষ্য করা যায় না। t-test সারণি থেকে দেখা যায় যে Gender (ছেলে ও মেয়ে)-এর ক্ষেত্রে t-value = 1.35 এবং P value= 0.17। P value(0.17) > 0.05, তাই 0.05 স্তরে ফলাফলটি পরিসংখ্যানগতভাবে তাৎপর্যপূর্ণ নয়। তাই HO2 গ্রহণযোগ্য । সুতরাং বলা যেতে পারে উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের ছাত্র ও ছাত্রীদের পারদর্শিতা কোনো পার্থক্য নেই।

**O3:** বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব অনুসন্ধান করা।

**Testing Ho3**: উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের গ্রাম এবং শহরের ছাত্র ও ছাত্রীদের মনোভাবের কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**Table 3. GROUP STATISTICS OF ATTITUDE TOWARDS POLITICAL SCIENCE LOCALITY WISE ( RURAL AND URBAN).**

| Location | N | MEAN | Std.Deviation | df | t | P |
|---|---|---|---|---|---|---|
| **Rural** | 100 | 83.17 | 3.82 | 130 | 11.24 | 6.36 |
| **Urban** | 100 | 71.52 | 9.62 | | | |

significant at 0.05 level

উপরিউক্ত টেবিল থেকে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি উচ্চ-মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের বসবাসের স্থানভেদে মনোভাবের Rural Mean score হল 83.17, Urban Mean score হল 71.52 এবং Rural SD score হল 3.82 ,Urban SD score হল 9.62 । বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব সাধারণ মানের (Average) থেকে একটু বেশি। t-test সারণি থেকে দেখা যায় যে গ্রামীণ (Rural) ও শহুরে (Urban) শিক্ষার্থীদের মধ্যে গবেষণাধীন চলকের ক্ষেত্রে t-value = 11.24। প্রাপ্ত ফলাফল 0.05 স্তরে পরিসংখ্যানগতভাবে তাৎপর্যপূর্ণ। t-test-এর ফলাফল থেকে দেখা যায় যে t-value = 11.24 এবং P value = 6.36। যেহেতু P value 0.05-এর চেয়ে বেশি (6.36 > 0.05), তাই ফলাফলটি 0.05 তাৎপর্য স্তরে পরিসংখ্যানগতভাবে তাৎপর্যপূর্ণ।তাই HO3 গ্রহণযোগ্য নয় । সুতরাং বলা যেতে পারে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি বসবাসের স্থানভেদে শিক্ষার্থীদের মনোভাবের পার্থক্য আছে ।

**O4:** বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের পারদর্শিতা অনুসন্ধান করা।

**Testing Ho4**:উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের গ্রাম এবং শহরের ছাত্র ও ছাত্রীদের পারদর্শিতার কোনো উল্লেখযোগ্য পার্থক্য নেই।

**Table 4. GROUP STATISTICS OF ACHIEVEMENT TOWARDS POLITICAL SCIENCE LOCALITY WISE(RURAL AND URBAN).**

| Location | N | MEAN | Std.Deviation | df | t | P |
|---|---|---|---|---|---|---|
| **Rural** | 100 | 18.62 | 4.28 | 183 | 2.09 | 0.03 |
| **Urban** | 100 | 20.12 | 5.75 | | | |

significant at 0.05 level

উপরিউক্ত টেবিল থেকে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি উচ্চ-মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের বসবাসের স্থানভেদে পারদর্শিতার Rural Mean score হল 18.62 , Urban Mean score হল 20.12 এবং Rural SD score হল 4.28, Urban Mean score হল 5.75 । উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি বসবাসের স্থানভেদে সাধারণ মানের (Average) থেকে খুব কম It-test সারণি থেকে দেখা যায় যে গ্রামীণ (Rural) ও শহুরে (Urban) শিক্ষার্থীদের মধ্যে গবেষণাধীন চলকের ক্ষেত্রে t-value = 2.09। প্রাপ্ত ফলাফল 0.05 স্তরে পরিসংখ্যানগতভাবে তাৎপর্যপূর্ণ। t-test-এর ফলাফল থেকে দেখা যায় যে t-value = 2.09 এবং P value= 0.03। যেহেতু P value 0.05-এর চেয়ে কম (0.03 < 0.05), তাই ফলাফলটি 0.05 তাৎপর্য স্তরে পরিসংখ্যানগতভাবে তাৎপর্যপূর্ণ।তাই HO3 গ্রহণযোগ্য নয় । সুতরাং বলা যেতে পারে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি বসবাসের স্থানভেদে শিক্ষার্থীদের মনোভাবের পার্থক্য আছে ।

**O5:** উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব ও পারদর্শিতার মধ্যে পারস্পরিক সম্পর্ক অনুসন্ধান করা।

**Testing Ho5**:উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব ও পারদর্শিতার মধ্যে কোনো উল্লেখযোগ্য সম্পর্ক নেই।

**Table 5. CORRELATION BETWEEN ATTITUDE AND ACHIEVEMENT TOWARDS POLITICAL SCIENCE :**

| | TOT_ ATTITUDE | TOT_ ACHIEVEMENT |
|---|---|---|
| **TOT_ ATTITUDE** | 1 | -0.187292861 |
| **TOT_ ACHIEVEMENT** | -0.187292861 | 1 |

উপরিউক্ত Correlation টেবিল থেকে দেখা যায় যে r-value -0.18(r <0.5)। সুতরাং পিয়ারসন প্রডাক্ট মোমেন্ট 0.5 level-এ তাৎপর্যপূর্ণ। তাই H05 গ্রহনযোগ্য নয়। সুতরাং বলা যেতে পারে উচ্চ-মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব ও পারদর্শিতার মধ্যে Low correlation আছে।

গবেষণার ফলাফলে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি শিক্ষার্থীদের মনোভাব (Attitude) এবং পারদর্শিতা (Achievement)-এর মধ্যে নিম্নমাত্রার ঋণাত্মক সহসম্পর্ক (r = -0.187) পরিলক্ষিত হয়েছে। এর একটি সম্ভাব্য কারণ হতে পারে যে অনেক শিক্ষার্থীর রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি ইতিবাচক মনোভাব থাকলেও তাদের শিক্ষাগত সাফল্য তুলনামূলকভাবে কম। এই অবস্থার পেছনে শিক্ষণ-শিখন পরিবেশের সীমাবদ্ধতা, উপযুক্ত শিক্ষণ-উপকরণের অভাব, বিষয় সম্পর্কে সচেতনতার ঘাটতি, কার্যকর পাঠদান পদ্ধতির অভাব এবং শিক্ষার্থীদের পর্যাপ্ত একাডেমিক সহায়তার অভাব দায়ী হতে পারে। যদি এই বিষয়গুলির উন্নয়ন করা যায়, তবে শিক্ষার্থীদের মনোভাব ও পারদর্শিতার মধ্যে আরও ইতিবাচক ও শক্তিশালী সহসম্পর্ক প্রতিষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

**FINDINGS:**

গবেষণার উদ্দেশ্য ও তথ্য বিশ্লেষণ এবং বর্ণনা করার পর কিছু Major finding পাওয়া গেছে।উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি ছাত্র ও ছাত্রীদের মনোভাবের কোনো পার্থক্য আছে। উচ্চমাধ্যমিক স্তরের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি ছাত্র ও ছাত্রীদের পারদর্শিতার কোনো পার্থক্য নেই।বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাবের পার্থক্য আছে।বসবাসের স্থানভেদে উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি পারদর্শিতার পার্থক্য আছে। উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব ও পারদর্শিতার মধ্যে ঋণাত্মক এবং খুব সামান্য আছে।

**DISCUSSION:**

এই গবেষণা উচ্চ-মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে মনোভাব এবং পারদর্শিতার একটি সুস্পষ্ট ও বিশ্লেষণধর্মী চিত্র তুলে ধরে। গবেষণার মাধ্যমে প্রাপ্ত তথ্য থেকে বোঝা যায় যে, শিক্ষার্থীদের মনোভাব তাদের শিক্ষাগত সাফল্যের উপর সরাসরি প্রভাব ফেলে। ইতিবাচক মনোভাব সম্পন্ন শিক্ষার্থীরা বিষয়টি গভীরভাবে উপলব্ধি করতে পারে এবং তাদের পারদর্শিতাও তুলনামূলকভাবে বেশি হয়।

এই গবেষণা কার্যটি অধ্যয়ন করার ফলে শিক্ষার্থীদের মধ্যে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন ঘটতে পারে। বিষয়টির গুরুত্ব, প্রাসঙ্গিকতা এবং বাস্তব জীবনের সঙ্গে এর সম্পর্ক সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেলে শিক্ষার্থীদের আগ্রহ ও অংশগ্রহণও বৃদ্ধি পাবে।

গবেষণার ফলাফল জনসাধারণ, অভিভাবক এবং বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে একটি গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা হিসেবে কাজ করবে। তারা এই তথ্যের ভিত্তিতে শিক্ষার্থীদের মধ্যে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি আগ্রহ সৃষ্টির জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করতে পারবেন। বিশেষ করে, আধুনিক ও কার্যকর শিক্ষণ-পদ্ধতি, উপযুক্ত পাঠ্য উপকরণ এবং শিক্ষকের সহায়ক ভূমিকা শিক্ষার্থীদের মনোভাব উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

এছাড়াও, এই গবেষণা শিক্ষাবিদ, নীতিনির্ধারক এবং ভবিষ্যৎ গবেষকদের জন্যও তাৎপর্যপূর্ণ। রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি শিক্ষার্থীদের মনোভাব ও সাফল্যলাভের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ করে শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য নতুন কৌশল নির্ধারণ করা সম্ভব হবে। ভবিষ্যতে আরও বৃহত্তর পরিসরে এবং ভিন্ন ভিন্ন অঞ্চলে এ ধরনের গবেষণা পরিচালনা করলে বিষয়টি সম্পর্কে আরও গভীর ও বিস্তৃত ধারণা পাওয়া যাবে।

যারা রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব ও সাফল্যলাভ সম্পর্কে জানতে আগ্রহী, তাদের জন্য এই গবেষণাটি একটি নির্ভরযোগ্য তথ্যসূত্র হিসেবে বিবেচিত হবে।

পরিশেষে বলা যায়, এই গবেষণা কার্যটি উচ্চ-মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব গঠন এবং তাদের শিক্ষাগত সাফল্য বৃদ্ধির ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং শিক্ষাক্ষেত্রে একটি কার্যকর দিকনির্দেশনা প্রদান করে।

**CONCLUSION:**

বর্তমান গবেষণার মূল উদ্দেশ্য ছিল পূর্ব বর্ধমান জেলার উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি মনোভাব (Attitude) ও পারদর্শিতা (Achievement) সম্পর্কে অনুসন্ধান করা এবং লিঙ্গ ও বসবাসের স্থানভেদে এদের পার্থক্য নির্ণয় করা। গবেষণার ফলাফল বিশ্লেষণ করে দেখা যায় যে, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি ছাত্র ও ছাত্রীদের মনোভাবে উল্লেখযোগ্য পার্থক্য বিদ্যমান থাকলেও পারদর্শিতার ক্ষেত্রে কোনো উল্লেখযোগ্য পার্থক্য পরিলক্ষিত হয়নি। অন্যদিকে, বসবাসের স্থানভেদে শিক্ষার্থীদের মনোভাব ও পারদর্শিতা উভয় ক্ষেত্রেই উল্লেখযোগ্য পার্থক্য লক্ষ্য করা গেছে।

এছাড়াও, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রতি শিক্ষার্থীদের মনোভাব ও পারদর্শিতার মধ্যে নিম্নমাত্রার সহসম্পর্ক (Low Correlation) পাওয়া গেছে। অর্থাৎ, বিষয়টির প্রতি ইতিবাচক মনোভাব থাকা সত্ত্বেও তা সবসময় উচ্চ পারদর্শিতার সঙ্গে সম্পর্কযুক্ত নয়। এর পেছনে শিক্ষণ-শিখন পরিবেশ, শিক্ষণ-উপকরণের প্রাপ্যতা, পাঠদানের গুণগত মান, শিক্ষার্থীদের সচেতনতা, পারিবারিক সহায়তা এবং ব্যক্তিগত অধ্যয়ন অভ্যাসের মতো বিভিন্ন উপাদান প্রভাব ফেলতে পারে।

সুতরাং, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে শিক্ষার্থীদের মনোভাব ও পারদর্শিতা উন্নয়নের জন্য বিদ্যালয়ে আরও কার্যকর শিক্ষণ-পদ্ধতি, উপযুক্ত শিক্ষণ-উপকরণের ব্যবহার, শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষণ পরিবেশ সৃষ্টি এবং বিষয়টির গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। এই ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের বিষয়টির প্রতি আগ্রহ বৃদ্ধি করবে এবং ভবিষ্যতে মনোভাব ও পারদর্শিতার মধ্যে আরও শক্তিশালী সম্পর্ক গড়ে তুলতে সহায়তা করবে।

**REFERENCES:**


1. **Abonu, D. N. (1993).** Attitude of teachers and students towards social studies in selected junior secondary schools in Benue State (Master's thesis). Ahmadu Bello University, ZARIA.
2. **Ahmed, U. Maryam, S. (2016)**. Secondary school students' attitude towards the social science studies in Sargodha City, Pakistan. International Journal of Academic Research in Progressive Education and Development, 5(2), 67–76.
3. **Awal, D. A. (2016).** Attitude of higher secondary school students towards science in relation to their gender, management and academic streams. Kaav International Journal of Arts, Humanities and Social Sciences, 3(2), 317–325.
4. **Banerjee, D. (2024)**. Impact of ICT-based teaching strategies on students' attitude towards social science. Contemporary Educational Technology Journal, 12(1), 88–96.
5. **Bharadwaj, R. (2018)**. A study of secondary school students' attitude towards social science in Uttar Pradesh. Journal of Educational Research and Extension, 55(2), 45–52.
6. **Das, M., & Mukherjee, A. (2021)**. Effect of integrated approach on students' attitude towards social science at secondary level. Indian Journal of Teacher Education, 7(2), 33–41.
7. **Governale, J. (1997).** Improving attitudes of students toward social studies: 77 (M.A. research project). Saint Xavier University and IRI/Skylight.
8. **Hansberry, L., & Moroz, W. (2001).** Male and female students' attitude toward social studies – A case study. Paper presented at the AARE Annual Conference, Fremantle.
9. **Jana, A.K. Patra, A. (2017).** Attitude and Achievement in Geography – A study on Bengali Medium students. International Journal of Education and Psychological Research, 6(2), 75–77.
10. **Kar, D. K. (1990).** A study of relationship between attitude towards and achievement in general science of class IX students of Cuttack city. In M. B. Buch (Ed.), Fifth Survey of Research in Education, vol-II. NCERT, New Delhi. pp. 1245–1246.
11. **Khaled, A. F. (2013).** Jordanian students' attitudes toward social studies education. The Journal of International Social Research, 6(24), 227–236.
12. **Kubiatko, M., Janko, T., Mrazkova, K. (2012)**. Czech student attitudes towards Geography. Journal of Geography, 111(2), 67–75.
13. **Lamani, G. L., & Naik, R. H. (2017).** An Interaction Effect of Urban Students Mental Health, Emotional Intelligence and Attitude on Academic Achievement in Science Among Secondary School Students. International Journal of Advanced Research in Education & Technology, ISSN, 23942975.
14. **Mohamed, L. & Waheed, H.(2011).** Secondary Students' Attitude towards Mathematics in a Selected School of Maldives. Maldives, International Journal of Humanities and Social Science,Vol.15,p.277-281.
15. **Pui, D. (1989).** A study of science achievement, science attitude and problem-solving ability among secondary school students in Aizawl. In M. Buch (Ed.), Fifth Survey of Research in Education, vol-II. NCERT, New Delhi. pp. 1239–1240.
16. **Roy, S. (2020).** Students' attitude towards geography and the role of teaching-learning aids at secondary level in West Bengal. Journal of Social Science Education, 9(3), 112–118.

17. **Saha, T. (2022).** A comparative study of secondary school students' attitude towards science and social science. Journal of Educational Psychology and Research, 14(1), 59–66.
18. **Sharma, P., & Gupta, R. (2019)**. Attitude towards history and academic achievement among secondary school students. International Journal of Educational Studies, 6(1), 78–85.
19. **Singh, S. M. (1988).** Attitudes of secondary stage students towards science curriculum and its relationship with achievement motivation. In M. B. Buch (Ed). Fifth survey of Research in Education. vol-II. NCERT, New Delhi. page-1251-1252.
20. **Swamy, G. (1992).** A study of awareness of concepts in history among secondary grade teacher trainees and their attitude towards social science. In M. B. Buch (Ed.), Fifth Survey of Research in Education, vol-II. NCERT, New Delhi. p. 1231.
21. **Verma, K. (2023).** Civics education, democratic values and students' attitude at secondary school level. International Journal of Civic Education, 5(2), 21–29.
22. **Yasar, M. (2016)**. High School Students' Attitudes towards Mathematics, Eurasia Journal of Mathematics, Science & Technology Education, 12(4), p. 931-945.